**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 10/27/2021 **গভর্নর ক্যাথি হোকল**

# ইন্ডিয়ান পয়েন্ট হোস্ট কমিউনিটিগুলোর জন্য এবং পরিবেশ সংক্রান্ত প্রকল্পগুলোর জন্য গভর্নর হোকলের 15 মিলিয়ন ডলার বরাদ্দের ঘোষণা

***এই অনুদানে আরো 13 মিলিয়ন ডলার পর্যন্ত স্টেট ও ফেডারেল তহবিল কাজে লাগানো হবে***

***প্রকল্পগুলো জনস্বাস্থ্য খাতের উন্নতি করবে, পরিবেশ সংক্রান্ত গবেষণায় সহায়তা করবে, এবং কর্মসংস্থান সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করবে***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে সাবেক ইন্ডিয়ান পয়েন্ট পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের হোস্ট কমিউনিটিগুলোতে স্থানীয় অবকাঠামো প্রকল্প, কর্মসংস্থান সংক্রান্ত প্রশিক্ষণ, ডিকমিশনিং তদারকি, এবং পরিবেশ সংক্রান্ত গবেষণার জন্য স্টেট 15 মিলিয়ন ডলার বরাদ্দ করেছে। ইন্ডিয়ান পয়েন্টের সাবেক মালিক, এনটার্জি (Entergy)-এর সাথে বয়স বেড়ে যাওয়া এই পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র বন্ধ করে দেয়ার জন্য এটির 2017 সালে সম্পাদিত চুক্তির অংশ হিসেবে নিউ ইয়র্কের আইনি মধ্যস্থতার মধ্য দিয়ে এই বরাদ্দ প্রদান করা সম্ভব হয়েছে।

"এই তহবিল ইন্ডিয়ান পয়েন্টের বন্ধ হয়ে যাওয়া যাতে অঞ্চলটিতে বিনিয়োগের অভাব দেখা দেয়ার কারণ না হয় তা নিশ্চিত করতে একটি সমন্বিত পদক্ষেপের অংশ," **বলেছেন গভর্নর হোকল।** "আমার প্রশাসন ইউনিয়নগুলো ও স্থানীয় নেতৃবৃন্দের সাথে স্থানীয় অর্থনীতিকে শক্তিশালী করে, শ্রমিকদের সাথে ন্যায্য আচরণ করে, এবং নিউ ইয়র্ক স্টেটের পরিবেশকে সুরক্ষিত রাখে এমন একটি উত্তরণের জন্য কাজ করতে দৃঢ় প্রতিজ্ঞ।"

"এসব অনুদান প্রদানের গতি বৃদ্ধি করায় আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই," **বলেছেন ইন্ডিয়ান পয়েন্ট ক্লোজার টাস্ক ফোর্স (Indian Point Closure Task Force)-এর সভাপতি টম কংডন।** "আমরা এখন এই অঞ্চলে আসা অন্যান্য তহবিল সর্বোচ্চ পর্যায়ে নিয়ে যেতে পারবো, বিদ্যুৎ কেন্দ্রটি বন্ধ হয়ে যাওয়ার ফলে ক্ষতিগ্রস্ত হওয়া শ্রমিকদের সাহায্য করতে পারবো, হাডসন নদীতে যে অতি গুরুত্বপূর্ণ গবেষণা বিঘ্নিত হওয়ার ঝুঁকিতে ছিল সেটা অব্যাহত রাখতে পারবো, এবং বড় আকারের অবকাঠামোগত প্রকল্পের জন্য পরিকল্পনা করার প্রয়োজন রয়েছে এমন ক্ষতিগ্রস্ত স্থানীয় সরকারগুলোকে আরো বেশি আর্থিক নিশ্চয়তা প্রদান করতে পারবো।"

আজ কোর্টল্যান্ড টাউন ও বুকানন ভিলেজ, ঐতিহাসিক হাডসন ভ্যালি, টিমস্টার্স লোকাল 456 (Teamsters Local 456), হেনড্রিক হাডসন স্কুল ডিস্ট্রিক্ট (Hendrick Hudson School District), ও হাডসন রিভার ফাউন্ডেশন (Hudson River Foundation) এর কাছে নিম্নলিখিত প্রকল্পগুলোর জন্য অনুদান সম্পর্কে অবহিত করে চিঠি পাঠানো হয়েছে:

**কোর্টল্যান্ড টাউন ও বুকানন ভিলেজ: 7 মিলিয়ন ডলার**

- স্টেটের আরো প্রায় 10 মিলিয়ন ডলার অর্থ কাজে লাগানোর জন্য বুকানন বর্জ্য পানি পরিশোধন প্ল্যান্ট (Buchanan Wastewater Treatment Plant)-এর সংস্কার ও সম্প্রসারণের নকশা করা হয়েছে এবং মনট্রুজে একটি নতুন সিউয়ার ডিস্ট্রিক্টের সংযোগ সহ চারটি আন্ত মিউনিসিপ্যাল সিউয়ার প্রকল্পের পরিকল্পনা করা হয়েছে।

**হাডসন রিভার ফাউন্ডেশন: 6.5 মিলিয়ন ডলার**

- হাডসন রিভার বায়োলজিক্যাল মনিটরিং প্রোগ্রামের (Hudson River Biological Monitoring Program) জন্য, এতে হাডসন নদীর মাছের প্রজাতিগুলো এবং হাডসন নদীর মাছের জন্য খাদ্যের উৎসগুলোর অবস্থা তদারকি করা অব্যাহত রাখতে বিভিন্ন ধরনের গবেষণা প্রচেষ্টা অন্তর্ভুক্ত রয়েছে। প্ল্যান্ট বন্ধ হয়ে যাওয়ার আগে এনটার্জি এই কর্মসূচিতে অর্থায়ন করতো এবং মধ্যস্থতা চুক্তিতে এটিকে অর্থায়নের জন্য অগ্রাধিকারপ্রাপ্ত প্রকল্প হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে।

**ঐতিহাসিক হাডসন ভ্যালি: 750,000 ডলার**

- জাদুঘরের সম্পত্তির ঐতিহাসিক ও পরিবেশগত উন্নয়নের জন্য এবং ফেডারেল হাইওয়ে প্রশাসনের (Federal Highway Administration) 3 মিলিয়ন ডলারের অনুদান কাজে লাগানোর জন্য যা অন্যথায় ভ্যান কোর্টল্যান্ড ম্যানর গেটওয়ে (Van Cortlandt Manor Gateway) প্রকল্পের জন্য হারিয়ে যাবে।

**হেনড্রিক হাডসন স্কুল ডিস্ট্রিক্ট: 500,000 ডলার**

- ডিকমিশনিং এর সময় বুকানন-ভারপ্ল্যাঙ্ক এলিমেন্টারি স্কুলে (Buchanan-Verplanck Elementary School) বাতাস তদারকির সরঞ্জাম ক্রয় ও পরিচালনার জন্যে।

**টিমস্টার্স লোকাল 456: 250,000 ডলার**

- একটি বাণিজ্যিক ড্রাইভার ট্রেনিং সিম্যুলেটর ক্রয়ের জন্য যা ইউনিয়নের সদস্যদের প্রশিক্ষণ ও নতুন কর্মসংস্থানের দক্ষতা প্রদান করবে।

**সিনেটর পিট হারখাম বলেন**, "আজকের ঘোষণাটি ইন্ডিয়ান পয়েন্ট বিদ্যুৎ কেন্দ্র বন্ধ হয়ে যাওয়ার ফলে সবচেয়ে বেশি প্রভাবিত হওয়া কমিউনিটিগুলোর জন্য একটি সুসংবাদ। অবকাঠামোর জন্যে এসব উল্লেখযোগ্য বিনিয়োগ ক্ষতিগ্রস্ত কমিউনিটিগুলোতে অর্থনৈতিক পুনঃউন্নয়নে সাহায্য করবে। পরিবেশগত নিরাপত্তা, কর্মসংস্থান সংক্রান্ত প্রশিক্ষণ ও ঐতিহাসিক সংরক্ষণের জন্যেও গুরুত্বপূর্ণ বিনিয়োগ করা হচ্ছে। এসব গুরুত্বপূর্ণ বিনিয়োগের জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করি।"

**অ্যাসেম্বলিওমেন স্যান্ডি গ্যালেফ বলেন**, "এই চুক্তি স্থানীয় কমিউনিটিগুলো, কর্মসংস্থানের উন্নয়ন, এবং হাডসন নদী সংলগ্ন পরিবেশের সুরক্ষা উভয়ের জন্যই একটি জয়। ইন্ডিয়ান পয়েন্টের সাথে সম্পর্কিত কমিউনিটি তহবিলের 15 মিলিয়ন ডলার বিতরণের মধ্য দিয়ে, কয়েক দশক ধরে পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রকে জায়গা দিয়ে আসা আমার প্রতিনিধিত্ব করা কমিউনিটিগুলোর জন্য স্টেটের আর্থিকভাবে সহায়তার জন্যে আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই।"

**কাউন্টি এক্সিকিউটিভ জর্জ ল্যাটিমার বলেন,** "ভালো কাজ করার জন্য আমরা একসাথে এগিয়ে আসলে একটি ভালো সরকার কী করতে পারে এটা তারই আরেকটি উদাহরণ। এসব তহবিলের কল্যাণে এসব প্রয়োজনীয় অবকাঠামোগত প্রকল্প মাঠপর্যায়ে বাস্তবায়ন হতে দেখা যাবে। এটি ওয়েস্টচেস্টারের বাসিন্দাদের জন্য সুখবর, কারণ উন্নত পানি, বাতাস ও ভৌত অবকাঠামো থেকে আমরা সবাই উপকৃত হবো এবং ওয়েস্টচেস্টারের কর্মীদের জন্য সুখবর কারণ এসব তহবিল সরাসরি আরো বেশি কর্মসংস্থান তৈরি করতে পারবে।"

**বুকানন ভিলেজের মেয়র থেরেসা নিকারবকার বলেন**, "বুকানন ভিলেজ গভর্নর হোকলকে এবং ইন্ডিয়ান পয়েন্ট ক্লোজার টাস্ক ফোর্সকে এই অনুদানের জন্য ধন্যবাদ জানাতে চায়, যা বুকানন ভিলেজকে আমাদের পুরোনো হয়ে যাওয়া ওয়েস্টওয়াটার প্ল্যান্টের অতি প্রয়োজনীয় আপগ্রেড সম্পন্ন করার সুযোগ করে দিবে এবং আমাদের কমিউনিটির ভবিষ্যতের জন্য আমাদেরকে প্রস্তুত করবে।"

**কোর্টল্যান্ড টাউনের সুপারভাইজার লিন্ডা পুগলিসি বলেন**, "আমাদের নির্মল পানির অবকাঠামোতে, আমাদের কমিউনিটিতে নতুন ব্যবসার সুযোগ সম্প্রসারণ করতে, এবং আমাদের এলাকায় বর্তমান ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য সিউয়ার সংক্রান্ত সুযোগ-সুবিধার ক্ষেত্রে সহায়তা করার জন্য গুরুত্বপূর্ণ সংস্থান প্রদানের জন্য কোর্টল্যান্ড টাউনের পক্ষ থেকে আমি গভর্নর হোকলকে এবং টাস্ক ফোর্সকে ধন্যবাদ জানাতে চাই।"

**টিমস্টার্স লোকাল 456-এর প্রেসিডেন্ট লুইস পিকানি বলেন,** "এই অনুদান প্রদানের জন্য আমি গভর্নর হোকলকে এবং ইন্ডিয়ান পয়েন্ট টাস্ক ফোর্সকে ধন্যবাদ জানাতে চাই, যা ইন্ডিয়ান পয়েন্ট ফ্যাসিলিটির কর্মীদের অপরিহার্য পেশাজীবী গাড়ি চালকের ক্যারিয়ারে উত্তরণের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ গ্রহণের সুযোগ করে দিবে।"

**হেনড্রিক হাডসন স্কুল ডিস্ট্রিক্টের সুপারিন্টেন্ডেন্ট জোসেফ হকরেইটার বলেন**, "হেনড্রিক হাডসন স্কুল কমিউনিটির পক্ষ থেকে আমরা গভর্নর হোকলকে এবং টাস্ক ফোর্সকে ধন্যবাদ জানাই। 500,000 ডলার অনুদান প্রদানের জন্য তাদের অঙ্গীকার আমাদেরকে আমাদের স্কুলের ফ্যাসিলিটিগুলোতে ডিকমিশনিং এর জন্য নিরাপত্তামূলক পদক্ষেপসমূহ ও নিশ্চয়তামূলক ব্যবস্থা সংযোজন করার সক্ষমতা প্রদান করবে।"

**ঐতিহাসিক হাডসন ভ্যালির SVP পিটার পোকরিস বলেন**, "ফেডারেল ডলারকে কাজে লাগানো এবং ভ্যান কোর্টল্যান্ড ম্যানরের দর্শনার্থীদের নিরাপত্তা, স্বাচ্ছন্দ্য, ও উপভোগ করাকে

নিশ্চিত করবে এমন পরিবেশগত ও অবকাঠামোগত উন্নয়নকে সম্ভব করে তুলতে যাওয়া এই গুরুত্বপূর্ণ অনুদানের জন্যে আমরা অত্যন্ত কৃতজ্ঞ।"

**রিভারকিপারের বোট ক্যাপ্টেন এবং পরামর্শ বিষয়ক ভাইস প্রেসিডেন্ট, জন লিপ্সকম্ব বলেন,** "নিউ ইয়র্ক স্টেটের ইন্ডিয়ান পয়েন্ট কমিউনিটি ও পরিবেশ সংক্রান্ত তহবিলের (Indian Point Community and Environmental Fund) মাধ্যমে একটি বৈচিত্র্যময় পরিসরের প্রকল্প, কমিউনিটি, ও লোকজনকে সহায়তা প্রদান করার সিদ্ধান্তের ব্যাপারে রিভারকিপার অত্যন্ত সন্তুষ্ট। হাডসন রিভার বায়োলজিক্যাল মনিটরিং কর্মসূচি অব্যাহত রাখার জন্য তহবিল প্রদান করা হচ্ছে দেখে আমরা বিশেষভাবে কৃতজ্ঞ বোধ করছি, হাডসন নদীর বাস্তুসংস্থানের ওপর বিদ্যুৎ কেন্দ্রগুলোর ক্ষতিকর প্রভাব পরিমাপের উদ্দেশ্যে তারা কয়েক দশক ধরে যে প্রকল্পটির অর্থায়ন করে এসেছে। বিশ্বের সবচেয়ে সমন্বিত ধারাবাহিক মাছের সংখ্যা সংক্রান্ত জরিপগুলোর একটি হিসেবে, কমে যাওয়া মাছের সংখ্যা ফিরিয়ে আনার চলমান প্রচেষ্টার জন্য এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ।"

আজকের ঘোষণাটি 2021 সালের এপ্রিলে বিদ্যুৎ কেন্দ্রটি বন্ধ হয়ে যাওয়ার পরে অঞ্চলটির অর্থনীতির দায়িত্বপূর্ণ উত্তরণের জন্য স্থানীয় কর আদায়ের অধিক্ষেত্র, আইনপ্রণেতা, ইউনিয়ন, ও কমিউনিটি নেতৃবৃন্দের সাথে স্টেটের সহযোগী হয়ে কাজ করার সর্বসাম্প্রতিক একটি উদাহরণ। এবছরের প্রণীত বাজেটে ওয়েস্টচেস্টার কাউন্টি, কোর্টল্যান্ড টাউন, বুকানন ভিলেজ, ও হেনড্রিক হাডসন স্কুল ডিস্ট্রিক্টকে স্টেটের বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র বন্ধ করার সাথে সম্পর্কিত প্রশমন কর্মসূচির আওতায় এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) কর্তৃক বরাদ্দকৃত সাত বছর মেয়াদী উত্তরণ তহবিল সহায়তা প্রদানের জন্য পর্যাপ্ত অর্থায়নের অনুমোদন অন্তর্ভুক্ত করা হয়েছে।

সাত বছরে এসব কর আদায়ের অধিক্ষেত্রগুলোকে 100 মিলিয়ন ডলারেরও বেশি অর্থায়ন করা হবে, যা বিদ্যুৎ কেন্দ্রটি চালু থাকা অবস্থায় এনটার্জি কর্তৃক পরিশোধ করা বছরে 32 মিলিয়ন ডলারের অর্থায়ন হারিয়ে ফেলার লোকসান সমন্বয় করার সময়টুকু প্রদান করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418